

FIRST INFORMATION REPORT

7563

W.B.P. Form No. 27

First Information of a cognizable crime reported under section 154 Cr. P. C. at P.S.

1. Dist. Purbanchal Sub-Divn. Contai P.S. Contai Year 2017 FIR NO. 12/17 Date 09.01.17
2. i) Act IPC Section 303/305/379 Act Sections
2. ii) Act IPC Section _____ iv) Other Act & Sections _____
3. a) General Diary Reference : Entry No. 357 Time 18.15 hrs
 b) Occurrence of Offence : Day Friday Date 16.12.16 Time 18.00 hr
 c) Information received Date 09.01.17 Time 18.15 hr
 G.D. No. 357 at the Police Station :
4. Type of Information, Written / Oral
5. Place of Occurrence a) Direction and Distance from P.S. Approx. 02 km, East
 b) Address Fulbari, Vill. 522, Ch. Chalti, Contai - II P.S. Contai - Purbanchal
Purbanchal
 c) In cash outside limit of this Police Station, then the name of P.S. District _____
6. Complaint / Informant :
 a) Name Swapan Giri
 b) Father's / Husband's Name Mr. Tulun Girmi
 c) Date / Year of Birth _____
 d) Nationality _____
 e) Address Vill - Fulbari, P.O. Basantia P.S. Contai, Purbanchal
7. Details Known / Suspected / Unknown / Accused with full particulars Rajan Giri Sr. Lt. Thana ch. Gir - of Fulbari P.O. Chalti PS Contai
 (Attach separate sheet, if necessary)
8. Reasons for delay in reporting by the Complaint / Informant Public Necessity
9. Particular of properties stolen / involved : (Attach separate sheet, if required) : _____
10. Total value of Properties stolen / involved : ₹
11. Inquest report / U.D. : Case No. if any : _____
12. FIR Contents : (Attach separate sheets, if required) : The original written complain which is treated as FIR is enclosed herewith.

13. Action taken : Since the above report reveals commission of offence (s) u/s 303/305/379 IPC
 register the case and took up the investigation / directed SI Tarun Sadhukhan
 to take up the investigation transferred to P.S. _____ on point of jurisdiction FIR read over to the Complaint / Informant, admitted to be correctly recorded and given to the Complainant / Informant free of cost.

Signature / Thumb Impression of the Complainant / Informant : [Signature]
 Signature of the Office-in-charge, Police Station with Name Ganesh Banerjee
 Rank S.I.
 Number if any Contai P.S.
 DRNO - 195
 Dt - 10-1-17

To
The I.C.,
Contai P.S.,
Contai, Purba Medinipur,
মহাশয়,

আমি শ্রী স্বপন গিরি, পিতা- *পুলিন গিরি, গ্রাম-ফুলবনী, পোঃ-বসন্তিয়া, থানা-
কাঁথি, জেলা-পূর্ব মেদিনীপুর-এর স্থায়ী বাসিন্দা হইতেছি।

আমার বিনীত নিবেদন এই যে,, অদ্যকে প্রায় ১৫ বৎসর পূর্বে আমার
পাশুবর্তী গ্রাম চালতির শ্রী সন্তোষ ডুগ্গার কন্যা কাকলীর সহিত হিন্দুশাস্ত্রমতে
বিবাহ হয় ও বিবাহের পর স্বামী-স্ত্রী রূপে বসবাসের ফলে আমাদের একটি
পুত্রসন্তান ও কন্যাসন্তান জন্মগ্রহণ করে, যাহাদের নাম পূর্ণেন্দু গিরি, বয়স-১৪
বৎসর ও যমুনা গিরি, বয়স-১২ বৎসর হইতেছে।

নিম্নোক্ত ব্যক্তি আমার স্বগ্রামবাসী ও আত্মীয় বিধায় প্রায়শঃই আমার বাড়ীতে
যাতায়াত করিত। আমি কর্মসূত্রে প্রায়শঃই বাড়ীর বাহিরে থাকায় নিম্নোক্ত ব্যক্তি
আমার অনুপস্থিতির সুযোগ লইয়া তাহার মন্দ উদ্দেশ্যে চরিতার্থ করিবার কুমানসে
আমার স্ত্রী কাকলীকে নানাভাবে প্ররোচিত করিতে থাকে ও মাঝে মাঝে বেড়াইবার
নাম করিয়া বাড়ীর বাহিরে যাইয়া দুই-এক দিন বাহিরে কাটাওয়া বাড়ী ফিরিত।
আমি উক্ত বিষয়ে প্রতিবেশীদের নিকট জানিতে পারিয়া আমার স্ত্রীকে ও নিম্নোক্ত
ব্যক্তিকে বারংবার নিষেধ করিলেও নিম্নোক্ত ব্যক্তি আমার কথায় কর্ণপাত না করিয়া
পূর্বের ন্যায় আমার বাড়ীতে যাতায়াত করিতে থাকে। নিম্নোক্ত ব্যক্তি আমার
অনুপস্থিতি ও সরলতার সুযোগ লইয়া আমার স্ত্রীকে প্ররোচিত ও প্রলোভিত করিয়া
তাহার সহিত অবৈধভাবে মেলামেশা কালে গত ইং ১৬/১২/২০১৬ তারিখ সন্ধ্যা
৬-০০ টা নাগাদ আমার স্ত্রী সহ আমার শিশুকন্যা যমুনা গিরিকে আমার বাড়ী
হইতে লইয়া গিয়াছে। যাইবার কালে আমার গচ্ছিত রাখা নগদ ২২,০০০.০০
(বাইশ হাজার) টাকা ও স্ত্রী ও আমার কন্যার সোনার অলঙ্কারাদি লইয়া গিয়াছে।
আমি উক্ত বিষয়ে জানিতে পারিয়া ঘটনার বিষয় স্থানীয় গ্রামসদস্যকে জানাইলেও
অদ্যাবধি কোন প্রতিকার হয় নাই। নিম্নোক্ত ব্যক্তি শ্রীমতি কাকলী গিরিকে আমার
বিবাহিতা স্ত্রী জানা সত্ত্বেও তাহাকে ফুসলাইয়া লইয়া গিয়া তাহার সহিত স্বামী-স্ত্রীর
ন্যায় অবৈধভাবে বসবাস করিতেছে।

প্রার্থনা যে, আমার অত্র আবেদনমূলে আমার স্ত্রী শ্রীমতি কাকলী গিরি ও
নাবালিকা কুমারী কন্যা যমুনা গিরি বয়স আনুমানিক ১২ বৎসর-কে নিম্নোক্ত
ব্যক্তির হেফাজত হইতে উদ্ধার করিয়া নিম্নোক্ত ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা
গ্রহণ করিয়া বাধিত করিবেন। নিবেদন ইতি তাং

বিনীত,

স্বপন গিরি

Received on 09.11.17 at 18.15 hrs
at Contai P.S.
Case No. 12/17 dt. 09.11.17
MS 363/365/379 HC
Dauger
12.7.18

নিম্নোক্ত ব্যক্তির নাম ও ঠিকানা

শ্রী রিপন গিরি,
পিতা- *পূর্ণচন্দ্র গিরি,
গ্রাম-ফুলবনী, পোঃ-চালতি,
থানা-কাঁথি, জেলা-পূর্ব মেদিনীপুর।